

রাসুল(সাঃ) ঐর কাছে ফিলিস্তিন

এক ছোট বোনের চিঠি

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমানির রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ **রাসুল(সাঃ) ঐর কাছে
ফিলিস্তিন এক ছোট বোনের চিঠি।**

رَسَّالَتِي إِلَى الرَّسُولِ صَلَّى وَسَلَّمَ. السَّلَامُ عَلَيْكَ يَا رَسُولَ اللَّهِ. نَعَمْ نَعَمْ
يَا سَيِّدِي يَا رَسُولَ اللَّهِ، سَيَسَاعِدُنَا هَلْ فَعَلْنَا وَحَدَرْنَا قُلُوبَنَا مِنْ هَذِهِ
الدُّنْيَا وَقَدْ بَلَغَتِ الرَّسَالََةَ وَأَدَيْتِ الْأَمَانَةَ وَنَصَحَتِ الْأُمَّةَ وَتَرَكْنَا عَلَى
الْمَحَجَّةِ الْبَيْضَاءِ؟ نَعَمْ يَا سَيِّدِي يَا رَسُولَ اللَّهِ. هَا نَحْنُ الْيَوْمَ هَا نَحْنُ
الْيَوْمَ أَصْبَحْنَا فِي الزَّمَنِ الْمَعْرُوفِ مُنْكَرًا وَالْمُنْكَرُ مَعْرُوفًا. وَعَلَى مَاذَا
يُفِيدُ يَا رَسُولَ اللَّهِ مِنْ بَلَدِ الْأَنْصَارِ مَوْطِنِ الْإِيمَانِ وَالْحِكْمَةِ؟ يَا مَنْ
أَبَعْتَ إِلَيْكَ هَذِهِ الرَّسَالََةَ. إِنَّا نَعَانِي مِنْ جَاهِلِيَّةٍ هِيَ أَشَدُّ وَأَمْرًا مِنْ
الْجَاهِلِيَّةِ الْأُولَى جَاهِلِيَّةٍ. أَصْبَحَتِ الْعِبَادَاتُ طُقُوسًا خَاوِيَةً خَالِيَةً مِنْ
مَعْنَاهَا الْحَقِيقِيِّ. جَاهِلِيَّةٌ تَقْتُلُ النَّفْسَ الْمُحَرَّمَةَ وَقَدْ قَتَلَتِ الطِّفْلَةَ وَأَدَّتِ
الْبَرَاءَةَ. جَاهِلِيَّةٌ. جَاهِلِيَّةٌ. عَصَبِيَّةٌ عَمِيَاءٌ. جَاهِلِيَّةٌ تَتَسَعُّ لِأَعْدَائِنَا الْيَهُودِ
وَالنَّصَارَى. فِعْلِيَّةٌ النَّخْلِي عَنِ الْأُخُوَّةِ وَالنُّصْرَةِ لِلْمَظْلُومِينَ. جَاهِلِيَّةٌ

التَّعْرِي وَالْفَسَادِ وَالْأَنْحِرَافِ. وَمَا نَحْنُ عَلَيْهِ الْيَوْمَ مِنْ ظُلْمٍ وَتَخْطِي
 وَظُلْمٍ مَا هُوَ إِلَّا بِتَقْصِيرٍ وَتَفْرِيطٍ وَتَخْلِينَا عَنْ مَصْدَرِ عِزَّتِنَا الْقُرْآنِ
 الْكَرِيمِ. لَقَدْ قُلْتِ يَا يَا رَسُولَ اللَّهِ شَاكِيًا لِرَبِّكَ يَا رَبِّ يَا رَبِّ إِنَّ قَامُوا
 اتَّخَذُوا هَذَا الْقُرْآنَ مَهْجُورًا مَهْجُورًا مَهْجُورًا بِتِلَاوَتِهِ مَهْجُورًا فِي
 تَدْبِيرِهِ مَهْجُورًا فِي الْعَمَلِ بِهِ مَهْجُورًا فِي التَّحْرُكِ. وَقَدْ اسْتَهَلَ بِقَوْلِكَ
 لَقَدْ تَرَكْتُ فِيكُمْ مَا إِنْ تَمَسَّكْتُمْ بِهِ لَنْ تَضِلُّوا لَنْ تَضِلُّوا مِنْ بَعْدِي أَبَدًا
 كِتَابُ اللَّهِ وَعِثْرَتِي أَهْلَ بَيْتِي

أَذْكُرُكُمْ اللَّهُ فِي أَهْلِ بَيْتِي. أَذْكُرُكُمْ اللَّهُ فِي أَهْلِ بَيْتِي. أَلَا هَلْ النَّحْوُ؟ هَلْ
 بَلَغَتْ؟ اللَّهُمَّ فَاشْهَدْ اللَّهُمَّ فَاشْهَدْ. نَعَمْ نَعَمْ نَشْهَدُ بِأَنَّكَ قَدْ بَلَغْتَ الرِّسَالَةَ
 وَأَدَيْتِ الْأَمَانَةَ، وَنَصَحْتَ الْأُمَّةَ وَمَا حَوَتْ الظُّلْمَةَ، فَجَزَاكَ اللَّهُ عَنَّا
 أَفْضَلَ الْجَزَاءِ، وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ وَصَلَّى اللَّهُ
 وَسَلَّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ الطَّيِّبِينَ

ইয়া রাসুলুল্লাহ(সাঃ)! পত্রের শুরুতেই আমার পক্ষ থেকে
 সালাম নিন। ইয়া সাযিদি! ইয়া রাসুলুল্লাহ!আমাদের ছেড়ে
 দুনিয়া থেকে প্রস্থান করলেন। আর আপনি রেসালাতের
 বাণীকে পৌঁছে দিলেন। আল্লাহ প্রদত্ত আমানতকে
 যথার্থভাবে আদায় করে গেছেন। উম্মতকে সঠিক পথের
 দিশা দিয়েছেন। আমাদেরকে স্বচ্ছ রাস্তায় রেখে গেছেন।
 ইয়া সাযিদি রাসুলুল্লাহ! আর আজ আমরা এমন যুগে
 বসবাস করছি যাতে সত্য-মিথ্যা মিশ্রিত হয়ে গেছে। ইয়া

সায়িদি রাসুলুল্লাহ!আমি ইয়েমেন থেকে আপনার প্রতি প্রেরণ করছি যা আনসারদের ভূ-খন্ড এবং প্রজ্ঞা, ঈমানে ও বিজয়ীদের উর্বর ভূমি।“ আমরা এমন জাহিলিয়াতে বসবাস করছি যা প্রথম জাহিলিয়াতকেও হার মানিয়েছে। এমন জাহিলিয়াত, যাতে এবাদত অন্তঃসারশূন্য আনুষ্ঠানিকতায় পরিণত হয়েছে। এমন জাহিলিয়াত যাতে নির্বিচারে হত্যাযজ্ঞ চলছে। নিষ্পাপ শিশুদের হত্যা করা হচ্ছে। এমন জাহিলিয়াত, যাতে অন্ধের মত স্বজনপ্ৰীতি দেখানো হচ্ছে। এমন জাহিলিয়াত, যাতে আমাদের শত্রু ইহুদী-খ্রীষ্টানদের সাথে সুসম্পর্কের প্রতিযোগীতা চলছে। এমন জাহিলিয়াত, যাতে মজলুমের প্রতি সাহায্য-সহানুভূতির লেশমাত্র নাই। এমন জাহিলিয়াত যাতে, অশ্লিলতা, দুর্নীতি, গোমরাহির সয়লাব।আমরা জুলুম, গোমরাহি, ও শত্রুদের গ্রাসে পরিণত হচ্ছি। তার একমাত্র কারণ হল..... আমরা আমাদের সম্মানের চাবিকাঠি আল কুরআন থেকে দূরে সরে গেছি। ইয়া রাসুলুল্লাহ(সাঃ)!সয়ং আপনিই তো আল্লাহর কাছে অভিযোগ করে বলে গেছেন.....। ইয়া আল্লাহ! আমার কওম তো কুরআনকে পরিত্যাগ করেছে, তেলাওয়াত পরিত্যাগ করেছে, কুরআনের শিক্ষা থেকে সরে গেছে, তার নির্দেশনানুযায়ী আমল করা ছেড়ে দিয়েছে, কুরআনের পথে জিহাদ ছেড়ে দিয়েছে, আপনি তো উম্মতকে নসিহত করে গেছেন যে, আমার অবর্তমানে

কুরআন ও আহলে বাইতকে আঁকড়ে ধরতে পারলে
 কখনো গোমরাহ হবে না। আমি আমার আহলে বাইত
 সম্পর্কে তোমাদের সতর্ক করে যাচ্ছি। আমি কি রেসালাত
 পৌঁছে দেইনি? হে আল্লাহ আপনি সাক্ষী থাকুন। ইয়া
 রাসুলুল্লাহ! আমরা সাক্ষী দিচ্ছি যে, আপনি রেসালাত
 পৌঁছে দিয়েছেন। অর্পিত আমানত আদায়
 করেছেন। উম্মতকে সঠিক পথের দিশা দিয়েছেন।
 জুলুমকে নিশ্চিহ্ন করেছেন। আল্লাহ তায়ালা আপনাকে
 সর্বোত্তম প্রতিদান দান করুন।

“লা হাওলা ওয়ালা কু ওয়াতা ইল্লা বিল্লাহিল আলিউল
 আযিম”।

“ সাল্লাল্লাহু আলা সায্যিদিনা মুহাম্মাদ।

ওয়ালা আলিহিত তায্যিবিন”